গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, দিনাজপুর
www.forest.dinajpur.gov.bd

দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/(রাজস্ব)অব ২০২৬-২০২৭ তারিখ: ১০/০৮/২০২৬ খ্রি.।

বনজদ্রব্য বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরে সামাজিক বন বিভাগ, দিনাজপুর এর আওতাধীন সকল রেঞ্জ ও এস.এফ.এন.টি.সি. কর্তৃক খাড়া গাছ/জব্দকৃত/ঝড়ে পড়া/আহরিত এবং অন্যান্য উৎস হতে সংগৃহিত বনজদ্রব্য বিক্রয়ের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সীলমোহরকৃত বন্ধ খামে উপযুক্ত দরদাতার নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। এতদসংক্রান্ত অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তর হতে দেখতে ও সংগ্রহ করতে পারবেন।

| ক্র. নং | বিবরণ | সিডিউল ক্রয়ের সর্বশেষ সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | সিডিউল বিক্রয়ের স্থান | যে স্থানে দরপত্র গ্রহণ করা হবে | দরপত্র খোলার সময় ও স্থান |
|---|---|---|---|---|---|---|
| ০১ | খাড়া গাছ/ জব্দকৃত/ঝড়ে পড়া/আহরিত/ এবং অন্যান্য উৎস হতে সংগৃহিত বনজদ্রব্য লট বিক্রয়। | ০১/০৯/২৬ খ্রি. সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। | ০২/০৯/২৬ খ্রি. তারিখ সকাল ১০.০ ঘটিকা হতে দুপুর ০১.০ ঘটিকা পর্যন্ত। | বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া এবং সামাজিক বন বিভাগ, দিনাজপুর এর সকল রেঞ্জ ও এস.এফ.এন. টি.সি। | ক) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া।<br>খ) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়<br>গ) পুলিশ সুপার এর কার্যালয় দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়<br>ঘ) বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।<br>ঙ) রেঞ্জ কর্মকর্তার কার্যালয়, চরকাই ও মধ্যপাড়া। | ০২/০৯/২০২৬ খ্রি. দুপুর ৩.৩০ ঘটিকা। বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ দিনাজপুর। |

**"২০২৬-২০২৭ আর্থিক সালে বিভিন্ন উৎসের বনজদ্রব্য বিক্রয়ের দরপত্রের শর্তাবলী"**

১। ট্রেড লাইসেন্সধারী সাধারণ ব্যবসায়ী/যে কোনো বন বিভাগ হতে হালনাগাদকৃত কাঠের ডিপো লাইসেন্সধারী ব্যক্তি/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্ণিচার মার্ট মালিক/সামাজিক বন বিভাগ, দিনাজপুরে সামাজিক বনায়নে অংশগ্রহণকরা সংশ্লিষ্ট বাগানের উপকারভোগী সদস্যগণ এ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

২। দরপত্রদাতাকে অবশ্যই নির্ধারিত ছকপত্র ক্রয় করে "বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর" এর বরাবরে সীলমোহরকৃত বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে। খামের উপরে বামপার্শ্বে দরপত্রদাতার পূর্ণনাম, ঠিকানা ও ডান পার্শ্বে গ্রুপ/লট নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রের ছকপত্রে লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের মূল্য) মোট মূল্য অংকে ও কথায় পৃথকভাবে স্পষ্টাক্ষরে অবশ্যই লিখতে হবে। কোনো প্রকার কাটা-কাটি, উপরিলিখন (Over writing) বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। এরূপ পরিলক্ষিত হলে তার দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। দরপত্রদাতাকে দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:

ক) দরপত্র ছকপত্র ক্রয়ের মূল রশিদ-এর ফটোকপি (যা ছকপত্র বিক্রয়ের রশিদ ইস্যুকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।

খ) দরপত্রদাতার নিজ নামের স্বাক্ষরযুক্ত ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিণ ছবি (যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।

গ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।

ঘ) জামানত বাবদ "বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর" এর বরাবর লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের জন্য) মোট উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) হারে যে কোনো তফসিলী ব্যাংক হতে দরপত্রদাতার নিজ নামে ইস্যুকৃত সঠিক পিও/ডিডি/এসডিআর দাখিল করতে হবে।

ঙ) এ ছাড়া দরপত্রদাতা কর্তৃক প্রতিটি লট/গ্রুপের বিপরীতে অগ্রিম জামানত বাবদ " বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর" এর বরাবরে লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের জন্য) মোট উদ্ধৃত মূল্যের ৪০% (শতকরা চল্লিশ ভাগ) হারে যে কোনো তফসিলী ব্যাংক হতে দরপত্রদাতার নিজ নামে ইস্যুকৃত পিও/ডিডি/এসডিআর দাখিল করতে হবে।

চ) ট্রেড লাইসেন্সধারী সাধারণ ব্যবসায়ী/যে কোনো বন বিভাগ হতে হালনাগাদকৃত কাঠের ডিপো লাইসেন্সধারী ব্যক্তি/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্ণিচার মার্ট মালিক/সামাজিক বন বিভাগ, দিনাজপুরে সামাজিক বনায়নে অংশগ্রহণকরা সংশ্লিষ্ট উপকারভোগী সদস্য সম্পর্কিত লাইসেন্সে/চুক্তিনামার সত্যায়িত ফটোকপি (যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে) দাখিল করতে হবে।

ছ) হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র (দিনাজপুর বন বিভাগে সামাজিক বনায়নে অংশগ্রহণ করা উপকারভোগী সদস্যগণের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

জ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (দিনাজপুর বন বিভাগে সামাজিক বনায়নে অংশগ্রহণ করা উপকারভোগী সদস্যগণের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

৪। দরপত্রের ছকপত্র প্রতিটি গ্রুপ/লটের জন্য ৪০০/-(চারশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে সামাজিক বন বিভাগ, দিনাজপুরের আওতাধীন সকল রেঞ্জ কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) ক্রয় করা যাবে।

৫। প্রত্যেক লটের জন্য জামানত হিসাবে লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের জন্য) মোট উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) ও অগ্রিম জামানত হিসাবে লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের জন্য) মোট উদ্ধৃত মূল্যের ৪০% (শতকরা চল্লিশ ভাগ) পরিপূর্ণ হারে (টাকায়) নিজ নামে ইস্যুকৃত আলাদা আলাদা পিও/ডিডি/এসডিআর দাখিল করতে হবে। এক লটের পিও/ডিডি/এসডিআর অন্য লটের জন্য প্রযোজ্য হবে না। জামানত হিসাবে লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের জন্য) মোট উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) ও অগ্রিম জামানত হিসাবে লট/গ্রুপের (গ্রুপের ক্ষেত্রে প্রতিটি লটের জন্য) মোট উদ্ধৃত মূল্যের ৪০% (শতকরা চল্লিশ ভাগ) পরিপূর্ণ হারে (টাকায়) নিজ নামে ইস্যুকৃত আলাদা আলাদা পিও/ডিডি/এসডিআর-এর মাধ্যমে দাখিল ব্যতীত কোনো দরপত্র গৃহীত হবে না।

৬। জামানত ও অগ্রিম অর্থ কোনো অবস্থাতেই নগদ অথবা চেকের মাধ্যমে গ্রহণ করা হবে না। অকৃতকার্য দরপত্রদাতার ১০% জামানত ও ৪০% অগ্রিম জামানতের অর্থের পিও/ডিডি/এসডিআর দরপত্রদাতার লিখিত আবেদনের প্রেক্ষিতে দরপত্র খোলার ২০ (দশ) কার্যদিবস পর অবমুক্ত করা হবে।

৭। দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই লটের বনজদ্রব্যসমূহ সরেজমিনে দেখে নিবেন। দরপত্রদাতা দরপত্র দাখিলের পর লট/গ্রুপের বনজদ্রব্যসমূহ সরেজমিনে না দেখার অজুহাত গাছ/কাঠের পরিমাণ কম/বনজদ্রব্য নষ্টের কারনে দরপত্র প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ মরা, পঁচা, ঢোড় বা অন্য কোনো ওজর-আপত্তি উত্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধপত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোনো দাবী গ্রহণযোগ্য হবে না।

৮। দরপত্র খোলার দিন হতে বিক্রিত লট/গ্রুপের বনজদ্রব্য রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়-দায়িত্ব কৃতকার্য দরপত্রদাতার উপর থাকবে। যদি কোনো দৈব-দুর্বিপাকে, ঝড়-তুফানে, বন্যায় বা আগুনে পুড়ে, চুরি হওয়া ইত্যাদি কারণে কোনো লটের বনজদ্রব্যের কোনো ক্ষতি হয়, তার জন্য সরকারকে বা নিম্নস্বাক্ষরকারীকে দায়ী করা যাবে না।

৯। কৃতকার্য দরপত্রদাতার জামানত ও অগ্রিম জামানতের পিও/ডিডি/এসডিআর এর টাকা কোনো অবস্থাতেই লট/গ্রুপের মূল্যের সাথে সমন্বয় করা হবে না।

১০। কোনো দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত জামানত ও অগ্রিম জামানতের পিও/ডিডি/এসডিআর ভূয়া প্রমাণিত হলে বা দরপত্রের সাথে কোনো রকম ভূয়া বা মিথ্যা সনদপত্র/কাগজ-পত্র/তথ্য দাখিল করলে বা কোনো প্রকার জাল-জালিয়াতি/প্রতারণার আশ্রয় গ্রহণ করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করাসহ কালো তালিকাভূক্ত করা হবে।

১১। একটি লট/গ্রুপের বনজদ্রব্য একাধিক দরপত্রদাতার নিকট বিক্রয় করা হবে না। তবে একজন দরপত্রদাতা একাধিক লটের ছকপত্র ক্রয় এবং দরপত্র দাখিল করতে পারবেন। প্রতিটি লট/গ্রুপের জন্য প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ পৃথক-পৃথক খামে পূর্ণাঙ্গ দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না। একটি লটের বিপরীতে সমমূল্যের একাধিক দরপত্র পাওয়া গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্রদাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে কৃতকার্য দরপত্রদাতা নির্বাচন করা যেতে পারে। গ্রুপের বনজদ্রব্যের ক্ষেত্রে সমষ্টিগত দর বিবেচনায় আনা হবে না, প্রতিটি লটের দর বিবেচনায় আনা হবে। তবে এ ক্ষেত্রে কোনো প্রকার জটিলতা দেখা দিলে নিম্নস্বাক্ষরকারী সকল দরপত্র বাতিল করতে পারবেন।

১২। যার নামে ইতোপূর্বে এ বন বিভাগের বকেয়া বাবদ কোনো সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোনো সরকারি পাওনা আছে অথবা যে ব্যক্তি এ বন বিভাগ হতে ইতোপূর্বে লট ক্রয় করে লটের মূল্য পরিশোধের জন্য পত্র পেয়ে লটের মূল্য পরিশোধ করেননি, সে ব্যক্তি নিজ নামে/অন্য নামে দরপত্রে অংশগ্রহণ করলে তার দরপত্র গ্রহণ করা হবে না এবং সরাসরি দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। কৃতকার্য দরপত্রদাতার দরপত্র গ্রহণের ১৫ (পনের) দিনের মধ্যে দরপত্রদাতা গ্রুপ/লট ভিত্তিক সমুদয় মূল্য একযোগে পরিশোধ করতে বাধ্য থাকবেন। লট/গ্রুপ ভিত্তিক লট/গ্রুপের সমুদয় মূল্যের সাথে লট/গ্রুপের উদ্ধৃত মূল্যের শতকরা ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাট অথবা সরকার কর্তৃক জারীকৃত হালনাগাদ হারে আয়কর, ভ্যাটসহ অন্যান্য ফি প্রদান করতে হবে।

১৪। কৃতকার্য দরপত্রদাতা কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট রেঞ্জ/ভারপ্রাপ্ত কর্মকর্তা/ফরেস্টার/বিট কর্মকর্তাকে গাছ কর্তন/আহরণের বিষয়টি অবহিত করে লটের গাছ/কাঠ, কর্তন/অপসারণের কাজ শুরু করবেন।

১৫। নিম্নস্বাক্ষরকারী ও উর্দ্ধতন কর্তপক্ষ কর্তৃক দরপত্র অনুমোদনের পর দরপত্রদাতাগণকে ০৭(সাত) দিনের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং দরপত্র গ্রহণের পর ১৫ (পনের) দিনের মধ্যে লটের মূল্য, আয়কর, ভ্যাট পরিশোধ পূর্বক কার্যাদেশ পাওয়ার জন্য সংশ্লিষ্ট রেঞ্জ/ ভরপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে লিখিত আবেদন করতে হবে। দরপত্র অনুমোদনের পর ০৭ দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা দরপত্র অনুমোদনের তারিখের পর চুক্তিনামা করার ৩ (তিন) মাস অতিক্রান্ত হওয়ার পরও লট/গ্রুপের উদ্ধৃত মূল্য, আয়কর, ভ্যাট জমা প্রদান করতে ব্যর্থ হলে দরপত্র আহবানকারী সংশ্লিষ্ট দরপত্রদাতার সমুদয় ১০% জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত ও দাখিলকৃত দরপত্র বাতিল করতে পারবেন এবং পুনরায় উক্ত লট পুনঃটেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হবে। এ ক্ষেত্রে লটক্রেতার কোনো দাবী গ্রহণযোগ্য হবে না।

১৬। খাঁড়াগাছের লটের ক্ষেত্রে ক্রেতাকে লটের মূল্য, আয়কর, ভ্যাট পরিশোধ-এর পত্র জারীর ১৫ (পনের) দিনের মধ্যে টাকা পরিশোধ করে কার্যাদেশ না নিলে বিভাগীয় বন কর্মকর্তা কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত লট বিক্রয় আদেশ বাতিল করতে পারবেন। জামানতের ১০% টাকা বাজেয়াপ্ত করতঃ লট পুনরায় বিক্রি করতে পারবেন। এ ব্যাপারে কারো কোনো প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। পুনরায় বিক্রিত লটের ক্ষেত্রে বিক্রিত লট/গ্রুপের উদ্ধৃত দর কম হলে অবশিষ্ট টাকার জন্য The Public Demands Recovery Act, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলা করা হবে। এ বিষয়ে বিভাগীয় বন কর্মকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। উল্লেখ্য যে, পরবর্তীতে বিক্রিত লটের দর পূর্বে বিক্রিত দরের চেয়ে কম হলে দরপত্রের সাথে লটক্রেতা কর্তৃক জমাকৃত ৪০% অগ্রিম জামানত অর্থ থেকে পূর্বে বিক্রিত দরের সমন্বয় করা হবে এবং অতিরিক্ত অর্থ (যদি থাকে) লটক্রেতাকে ফেরত প্রদান করা হবে।

১৭। দরপত্রদাতাগণকে তাদের দরপত্র অনুমোদনের পর ১৫ (পনের) দিনের মধ্যে লটের মূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধ না করলে শর্তে থাকে যে, নির্ধারিত ১৫(পনের) দিনের পর হতে শুরু করে পরবর্তী ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে টাকা জমা প্রদান করলে লটের মূল্যের ১% হারে এবং দরপত্র গ্রহণের পর ৬০তম দিন হতে শুরু করে ৯০তম দিনের মধ্যে টাকা জমা প্রদান করলে ২% হারে ক্ষতিপূরণ দিতে হবে, যা আদায় পূর্বক কার্যাদেশ প্রদান করা যাবে। দরপত্র গ্রহণের তারিখের পর ৩ (তিন) মাস অতিক্রান্ত হলে লট বাতিলপূর্বক The Public Demands Recovery Act, ১৯১৩ অনুযায়ী মামলা দায়ের করা যাবে। তবে এতৎবিষয়ে বিভাগীয় বন কর্মকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। পুনরায় বিক্রিত লটের ক্ষেত্রে ক্ষতিপূরণ আদায় প্রযোজ্য হবে না।

১৮। কৃতকার্য দরপত্রদাতাকে গাছ কাটার কার্যাদেশ প্রদানের সাথে সাথে গাছ কাটা (গাছ এর মোথা ৩"-৬" কান্ডসহ মাটিতে অবশ্যই রেখে) শুরু করে ১০(দশ) দিনের মধ্যে গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে এবং কর্তিত গাছ/বনজদ্রব্যে বিক্রয় মার্কা হাতুড়ী দেওয়ার পর সমুদয় গাছ/বনজদ্রব্য পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অপসারণ করতে হবে। কোনো অবস্থাতেই চিহ্নিত মা গাছ এবং মার্কাবিহীন অন্য কোনো গাছ/বনজদ্রব্য (যদি থাকে) কর্তন বা অপসারণ করা যাবে না।

১৯। কৃতকার্য দরপত্রদাতা তার ক্রয়কৃত লটের গাছ কেটে লিখিতভাবে বিক্রয় মার্কা হাতুড়ী চিহ্নের জন্য আবেদন করবেন এবং সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা বিক্রয় মার্কা হাতুড়ী দেওয়ার ব্যবস্থা করবেন। অন্যান্য বনজদ্রব্যের ক্ষেত্রেও লিখিতভাবে বিক্রয় মার্কা হাতুড়ীর ছাপ প্রদানের জন্য আবেদন করতে হবে।

২০। কাঠের দুই মাথায় স্থানীয় রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা সুস্পষ্ট বিক্রয় মার্কা হাতুড়ী (সেল মার্কিং হ্যামার) চিহ্ন দেওয়া হবে। বিক্রয় মার্কা হাতুড়ীর চিহ্ন দেওয়ার পূর্বে কোনো কাঠ সরানো যাবেনা বা চিরাই করা যাবে না। এরুপ করলে তা বন অপরাধ হিসেবে গণ্য হবে। কোনো অবস্থাতেই কর্তিত গাছের মোথা অপসারণ করা যাবে না। সকল উৎসের বনজদ্রব্যের ক্ষেত্রেই বিক্রয় মার্কা হাতুড়ীর ছাপ গ্রহণ করতে হবে।

২১। লট হতে কাঠ বের করে/সকল উৎসের বনজদ্রব্য গন্তব্যস্থলে নেওয়ার জন্য দরপত্রপ্রাপ্ত দরপত্রদাতাগণ কাঠের পরিমাণ উল্লেখ করে বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ অনুসারে নিম্নস্বাক্ষরকারীকে বরাবর করে চলাচল পাশের (টিপি) জন্য সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে আবেদন করবেন এবং শুধু টিপি গ্রহণ করে বনজদ্রব্য স্থানান্তর করতে পারবেন। ব্যতিক্রমকারী ক্রেতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। লটের ভিতর কোনো মার্কাবিহীন খাড়াগাছ থাকলে তা সরকারি সম্পদ বলে গণ্য হবে এবং মা গাছ হিসেবে সংরক্ষিত থাকবে।

২২। কৃতকার্য দরপত্রদাতাকে যথেষ্ট সতর্কতার সাথে লটের গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে। যদি অসতর্কতার দরুণ মার্কাকৃত গাছ কাটার সময় পাশের কোনো গাছ/ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত/বিনষ্ট হয়, তাহলে বিনষ্ট গাছের ও ঘর-বাড়ীর মূল্য বাজার দরের দেড়গুণ হারে কৃতকার্য দরপত্রদাতার নিকট হতে আদায় করা হবে। গাছ কাটার সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নীচে টেলিফোনের তার ও সড়কের কোনো ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট লটক্রেতা দায়ী থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন। অন্যথায় জামানতের টাকা হতে ক্ষতিপূরণের টাকা কর্তন পূর্বক আদায় করা হবে।

২৩। কৃতকার্য দরপত্রদাতা লট হতে বনজদ্রব্য পরিবহন করার সময় বন বিভাগের কর্মকর্তা/ফরেস্ট রেঞ্জার/ডেপুটি রেঞ্জার/ফরেস্টার/ বন প্রহরী যে কোনো স্থানে বনজদ্রব্যের বৈধতা পরীক্ষা করার জন্য পরিবহনকারী যানবাহন থামিয়ে চেক করতে পারবেন। এতে কৃতকার্য দরপত্রদাতার কোনো প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৪। সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত অর্থাৎ রাত্রিকালীন কোনো প্রকার বনজদ্রব্য বা লট হতে গাছ কর্তন/স্থানান্তর করা যাবে না।

২৫। কৃতকার্য দরপত্রদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে লটের টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে কোনো প্রকার কারণ না দর্শায়েই বিভাগীয় বন কর্মকর্তা উক্ত লটের বনজদ্রব্য পুনরায় দরপত্রের মাধ্যমে বিক্রয় করতে পারবেন। পুনঃবিক্রয়ের পরিপ্রেক্ষিতে সরকারের আর্থিক ক্ষতি হলে ১ম বারের কৃতকার্য দরপত্রদাতার অগ্রিম অর্থ হতে উক্ত ক্ষতির অর্থ কর্তন করা হবে। যদি ক্ষতির পরিমাণ অগ্রিম টাকার অধিক হয়, তবে বাদ-বাকী টাকা লটক্রেতা বিভাগীয় বন কর্মকর্তার বরাবরে জমা দিতে বাধ্য থাকবেন। অন্যথায় কৃতকার্য দরপত্রদাতাগণের নিকট বন বিভাগের প্রাপ্য উক্ত বকেয়া টাকা The Public Demands Recovery Act, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মোকদ্দমা দায়ের করে আদায় করা হবে।

২৬। দরপত্র নোটিশ জারীর পর কোনোরুপ মুদ্রনজনিত কারণে ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে দরপত্র আহ্বানকারী কর্মকর্তা তা সংশোধন করতে পারবেন। দরপত্র খোলার সময় বা পূর্বে লটের তালিকায় ভুল থাকলে তা সংশোধন/সংযোজন করতে পারবেন। প্রয়োজনবোধে দরপত্র গ্রহণের পূর্বে লট এর পরিবর্তন করতে পারবেন এবং কোনো লটের বনজদ্রব্য দরপত্রের তালিকা হতে বাদ দিতে বা নতুন লট/বনজদ্রব্য তালিকাভুক্ত করতে পারবেন। সে ক্ষেত্রে দরপত্র আহ্বানকারী কর্মকর্তার সংশোধিত সিদ্ধান্তই সঠিক ও চূড়ান্ত বলে গণ্য হবে। এ ছাড়া লটের মূল্য পরিশোধ সংক্রান্ত পত্রে কোনো ভুল-ত্রুটি হলে তা দরপত্র আহ্বানকারী কর্মকর্তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭। লটের কাজ সম্পন্ন হলে কৃতকার্য দরপত্রদাতা সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে কার্যসমাপ্তি প্রতিবেদন (Completion Report) দাখিল করবেন। রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা কৃতকার্য দরপত্রদাতার নিকট হতে কার্যসমাপ্তি প্রতিবেদন পাওয়ার পর কৃতকার্য দরপত্রদাতা বা প্রতিনিধির উপস্থিতিতে লট সরেজমিনে পরিদর্শন করতঃ লটের বিক্রয় তালিকা বহির্ভূত ক্রমিক নম্বরবিহীন কোনো গাছ বা মা গাছ কর্তন করা হয়েছে কিনা, হয়ে থাকলে এরুপ গাছের বিবরণ, গাছ হতে প্রাপ্ত বনজদ্রব্যের আনুমানিক পরিমাণসহ অন্যান্য বিবরণ লিপিবদ্ধ করতঃ কার্যসমাপ্তি প্রতিবেদন সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষক এর মাধ্যমে বিভাগীয় বন কর্মকর্তার নিকট দাখিল করবেন। কার্যসমাপ্তি রিপোর্ট দাখিল না করা পর্যন্ত জামানত/অগ্রিম টাকার পিও/ডিডি/এসডিআর অবমুক্ত করা হবে না। লটের কাজ শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে কার্যসমাপ্তির প্রতিবেদন দাখিল করতে হবে।

২৮। কৃতকার্য দরপত্রদাতাগণ কোনো অবস্থাতেই মার্কাবিহীন অথবা বিক্রয় তালিকা বহির্ভূত অথবা অন্য কোনো সংস্থা বা ব্যক্তির কোনো গাছ কর্তন করতে পারবেন না। উক্ত শর্তাবলী ভঙ্গকারী কৃতকার্য দরপত্রদাতার নিকট হতে দরপত্র আহ্বানকারী কর্মকর্তা কর্তিত গাছের বাজার মূল্যের ০৩ (তিন) গুণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে আদায় করতে পারবেন। ক্ষতিপূরণ আদায় সম্ভব না হলে "The Public Demands Recovery Act, ১৯১৩" অনুযায়ী সার্টিফিকেট মামলা দায়ের করার মাধ্যমে আদায় করা হবে।

২৯। বিক্রিত লটের পার্শ্ববর্তী ১ (এক) কিলোমিটারের মধ্যে অবিক্রিত বাগানের যদি কোনো বনজদ্রব্য চুরি হয়, তবে কৃতকার্য দরপত্রদাতাকে তৎক্ষণাৎ নিকটবর্তী বন কার্যালয়ে লিখিতভাবে জানাতে হবে। অন্যথায় এ জন্য সংশ্লিষ্ট কৃতকার্য দরপত্রদাতাকে দায়ী করা হতে পারে এবং উক্ত ক্ষতির জন্য কৃতকার্য দরপত্রদাতার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হতে পারে।

৩০। কোনো দরপত্রদাতার নিকট পূর্বের কোনো লটের টাকা অনাদায়ী থাকলে সেক্ষেত্রে কর্তনকৃত লটের জামানত অবমুক্ত করা বা না করা দরপত্র আহ্বানকারী কর্মকর্তার এখতিয়ারভুক্ত।

৩১। সর্বোচ্চ বা যে কোনো দরপত্র গ্রহণ করা বা না করার ক্ষমতা দরপত্র মূল্যায়ন কমিটির বিবেচনা সাপেক্ষ। এতৎবিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটি কারো নিকট কোনো কারণ দর্শাতে বাধ্য নন।

৩২। ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্দ্ধের দরপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হবে। উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন পাওয়ার পর লটের মূল্য পরিশোধের জন্য নোটিশ দেওয়া হবে।

৩৩। দরপত্র নোটিশে শর্ত হিসেবে যাই উল্লেখ থাকুক না কেনো, দরপত্রদাতা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুনের আওতাভুক্ত থাকবেন এবং দরপত্র বিজ্ঞপ্তির শর্তসমূহ চুক্তিপত্রের শর্ত বলে গণ্য হবে।

৩৪। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র প্রদান বা গ্রহণের সময় অফিস প্রাঙ্গণে সন্ত্রাসীমূলক আচরণ, বিশৃঙ্খলা, গোলযোগ, উত্তেজনা, ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান বা ভয়-ভীতি প্রদর্শণের মাধ্যমে দরপত্র দাখিলে বাঁধা প্রদান করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এরুপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল করা হবে।

৩৫। বনজদ্রব্য বিক্রয়ের জন্য তফসীলে বর্ণিত তারিখ ও সময়সূচি সংশোধন করা বা স্থগিত করা যাবে। এতৎব্যাপারে দরপত্র আহ্বানকারী কর্মকর্তা কারো নিকট কোনো কারণ দর্শাতে বাধ্য থাকবেন না।

৩৬। বিভাগীয় বন কর্মকর্তার অনুমতি ব্যতিরেকে কৃতকার্য দরপত্রদাতা তার পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। কৃতকার্য দরপত্রদাতা তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ স্থানীয় রেঞ্জ কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করে লটের কাজ করার জন্য অনুমতি গ্রহণ করবেন। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিনমজুরগণ যদি কোনো বে-আইনী কাজ করেন তজ্জন্য কৃতকার্য দরপত্রদাতা সম্পূর্ণভাবে দায়ী থাকবেন এবং তার/সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩৭। দরপত্র মূল্যায়ন কমিটি কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোনো দরপত্র/সকল দরপত্র বাতিল, স্থগিত এবং সংশোধন এবং আংশিক সংশোধন/ পরিবর্তন/ আংশিক পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে দরপত্র মূল্যায়ন কমিটি কারো নিকট কারণ দর্শাতে বাধ্য নন।

৩৭। কৃতকার্য দরপত্রদাতা কর্তৃক লটের গাছ কর্তন, গাছের লগ ও ডাল-পালা ফেলে যানবাহন চলাচল বা মনুষ্য চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। গাছ কাটার সাথে সাথে বিধি মোতাবেক তা অপসারণ করতে হবে।

৩৯। দরপত্র সম্পর্কে উদ্ভূত কোনো আপত্তি থাকলে বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়ার সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪০। অনিবার্য কারনবশতঃ নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র উন্মুক্তকরণ সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই স্থান ও সময়ে দরপত্র উন্মুক্ত করা হবে।

২০.৮.২৬

(ফাহিম মাসউদ)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
ফোন নং: ০২-৫৮৯৯২৫৫৫৮
Email- dfodinajpur@gmail.com

২০/৮/২৬

পত্র নং- ২২.০১.০০০০.২৬৫.১৭.০০২.২৬. ৬১৬০ তারিখ- ১০/০৮/২০২৬ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, ঢাকা।

০২। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া।

০৩। জেলা প্রশাসক, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

০৪। পুলিশ সুপার, দিনাজপুর/ ঠাকুরগাঁও/ পঞ্চগড় জেলা।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়।

০৬। বিভাগীয় বন কর্মকর্তা, ..............................

০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

০৮। নির্বাহী প্রকৌশলী, সওজ বিভাগ, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

০৯। নির্বাহী প্রকৌশলী, এল,জি,ই,ডি দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

১০। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

১১। উপজেলা চেয়ারম্যান ................................

১২। উপজেলা নির্বাহী অফিসার, .........................................

১৩। সহকারী বন সংরক্ষক, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলা।

১৪। রেঞ্জ কর্মকর্তা, সদর/ চরকাই/ মধ্যপাড়া/ ঠাকুরগাঁও/ দেবীগঞ্জ রেঞ্জ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাহারোল/ উত্তরগোবিন্দপুর, ঠাকুরগাঁও/ পঞ্চগড় এসএফএনটিসি এবং তত্ত্বাবধায়ক, রামসাগর জাতীয় উদ্যান, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশ দেওয়া হলো।

১৫। জনাব/ মেসার্স ......................................................

১৬। সংশ্লিষ্ট নথি।

১৭। অফিস নোটিশ বোর্ড।

১০.৮.২৬

(ফাহিম মাসউদ)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
ফোন নং: ০২-৫৮৯৯২৫৫৫৮
Email- dfodinajpur@gmail.com